আলহামদুলিল্লাহ। ওয়াসসালাতু ওয়াসসালামু আল রাসুলুল্লাহ।

হাজ্জ  মানুষের জীবনে একবারই ফরয । আর এই ফরয ইবাদতটি কুরআন ও সুন্নাহর আলোকে জেনে বুঝে করতে হবে।অথচ আমরা অনেকেই না জেনে  না বুঝে সঠিক জ্ঞান না নিয়ে নানারকম শিরক ও বিদ'আতের মধ্য দিয়ে এই ইবাদত করে থাকি। এই ভাবে হাজ্জ পালনে প্রচুর অর্থ, শ্রম ও সময় নষ্ট হয়। আর হাজ্জের প্রতিদান জান্নাতের বদলে জাহান্নাম নিয়ে ফিরতে হয়।

আলহামদুলিল্লাহ।এই "হাজ্জ গাইড" আপনাদের শিরক ও বিদ'আত মুক্ত হাজ্জ করতে সাহায্য করবে ইন-শা-আল্লাহ। যার প্রতিদান- জান্নাত । এই বইটি প্রথম থেকে শেষ পর্যন্ত হাজ্জ কি ? কি ভাবে তা আদায় করবো ? উমরাহ, এবং হাজ্জের ধারাবাহিক বর্ণনা এবং হাজ্জ শেষে দুআ খুব সহজ ভাবে তুলে ধরা হয়েছে । এছাড়াও হাজ্জে কি ভুল হয় তাও তুলে ধরা হয়েছে । যেহেতু এই ইবাদতটি লক্ষ লক্ষ প্রতিযোগীর মধ্যে আদায় করতে হয়, তাই কোনটা ভুল , কোনটা সঠিক তা জানা খুবই দরকার ।

এর পাশাপাশি  বিশুদ্ধ ওজু, বিশুদ্ধ সালাত , জানাজা সালাত ও মদিনা সফর সবই দেওয়া হয়েছে । বিশুদ্ধ  হাজ্জের জন্য এই বইটি একটি পরিপূর্ণ বই আলহামদুলিল্লাহ। শুধুমাত্র এই একটা বই আপনাকে হাত ধরে ধরে হাজ্জের কার্যক্রম সম্পন্ন করতে সাহায্য করবে ইন শা আল্লাহ ।

২০০৬ এর শেষের ৩ দিন আর ২০০৭ এর প্রথম ২ দিন হাজ্জের ৫দিন আমার প্রথম হাজ্জ । নিজের হাজ্জের প্রস্তুতি নিতে যেয়ে হাজ্জ গাইড লিখে ফেললাম । এই হাজ্জ গাইড বইটির সাথে আমার জীবনের কিছু মহা মূল্যবান সময় জড়িত । সঠিক সত্য পথের সন্ধানে জীবনের প্রথম লেখা একটা অথেনটিক (কুরআন ও সহীহ হাদীস) বই। বইটি প্রায় ২ বৎসর লেখা পড়ার চেষ্টা ও সাধনার ফল।এই বইটি হাতে নিয়ে হাজ্জ ক্যাম্পে যাই হাজ্জের  ট্রেনিং দেওয়ার জন্য । ইন্টারভিউ দিতে হয় প্রতিবছর। আল্লাহর অনেক রহমতে ২০০৮ সাল থেকে ২০২৫ এই পর্যন্ত বাংলাদেশ হাজ্জ ক্যাম্পে হাজ্জ ট্রেইনার হিসাবে কাজ করছি আলহামদুলিল্লাহ্ ।
এছাড়াও অন লাইন এবং অফ লাইন এ পরিপূর্ণ হাজ্জের ট্রেনিং দেই । আলহামদুলিল্লাহ্ ।
হাজ্জ এই ইবাদতটির সাথে আমার মন, প্রান চিন্তা-চেতনা, ভাললাগা জড়িয়ে ।

হাজ্জ যাত্রীদের সাথে আমি আছি এবং থাকবো ইন শা আল্লাহ।
হাজ্জের সফরে এই বইটি হবে আপনার সাথী এবং সঠিক দিক নির্দেশনা।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্যাহ ওয়া বারাকাতুহু।

জান্নাতুল মহল
হাজ্জ ট্রেইনার
বাংলাদেশ হাজ্জ ক্যাম্প , ঢাকা ।